দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUL 1995 পৃষ্ঠা ২ কলাম ৮

## প্রাথমিক শিক্ষার মান

আমাদের দেশের প্রাথমিক শিক্ষা গ্রহণকারী শিশুদের বেশীর ভাগই সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করে। কিন্তু আমার দীর্ঘদিনের শিক্ষকতার অভিজ্ঞতায় দুঃখের সহিত লক্ষ্য করিয়াছি যে, প্রাথমিক শিক্ষা গ্রহণ-শেষে বা যেসব শিশু হাই স্কুলের আঙ্গিনায় পা রাখে, তাহাদের অধিকাংশই বাংলা কিংবা অন্যান্য বিষয় বই দেখিয়া ঠিকমত পড়িতে পর্যন্ত পারে না। তাহাদের হাতের লেখা থাকে খুবই খারাপ। এমনকি অনেক শিশু তাহার বিদ্যালয়ের নাম পর্যন্ত বলিতে পারে না। উচ্চারণ থাকে খুব দুর্বল। পাশাপাশি দেখা যায় তাহাদের পড়া ধরার বা বোঝার ক্ষমতাও দুর্বল। প্রাথমিক পর্যায়ের লেখাপড়ায় এই অপরিপক্কতা তাহাদের পরবর্তী শিক্ষার ক্ষেত্রে বিঘ্ন ঘটায়। এই ব্যাপারে সামগ্রিকভাবে আমাদের শিক্ষার সার্বিক বিকাশ একান্ত আবশ্যক এবং আমাদের সবার কাম্য। আর এই বিকাশের ভিত্তি হইতেছে তাহাদের প্রাথমিক শিক্ষা। তাই প্রাথমিক পর্যায়ে শিশুরা যাহাতে যথাযথ বিকাশ লাভ করিতে পারে সেদিকে আমাদের নজর দেওয়া কর্তব্য। অন্যথায় শিক্ষাখাতে সর্বোচ্চ ব্যয় করিয়াও শিক্ষার বিস্তার ও মানোন্নয়নে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাইবে না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি চিন্তা করিয়া প্রাথমিক পর্যায়ে শিক্ষার মানোন্নয়নে এবং শিশুদের যথাযথ মানসিক বিকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন বলিয়া আশা করি।

—আহমেদ তাসকীন রহমান,
১৯১, গাওয়াইর, উত্তরা, ঢাকা।